# জানাযার বিধিবিধান

বিভাগ/অধ্যায়ঃ জানাযার বিধিবিধান সংক্রান্ত ৭০টি প্রশ্ন

রচয়িতা/সঙ্কলকঃ শাইখ মুহাম্মাদ ইবন সালেহ আল-উসাইমীন রহ.

৩৪: মৃতকে ক্ববর দেওয়ার সময় যারা উপদেশ দেয়, তাদের ব্যাপারে আপনার অভিমত কি? নিয়মিত এটি করলে কি কোন সমস্যা?

আমার মতে এটি সুন্নাত নয়। কেননা রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম এবং ছাহাবীগণ (রাদিয়াল্লাহু ‘আনহুম) থেকে এরূপ বর্ণিত হয় নি। সর্বোচ্চ যতটুকু জানা যায়, রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম একদা এক আনছার ছাহাবী রাদিয়াল্লাহু ‘আনহু–এর জানাযায় বের হলেন। অতঃপর তিনি সেখানে গিয়ে বসলেন এবং লোকজনও তাঁকে ঘিরে বসলেন, তারা দাফন সম্পন্ন হওয়া পর্যন্ত অপেক্ষা করছিলেন। এমতাবস্থায় রাসূল সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম উপস্থিতিগণকে মৃত্যুর সময় এবং দাফনের পরে মানুষের অবস্থা সম্পর্কে বলছিলেন। অনুরূপভাবে তিনি একদা দাফনের সময় ক্ববরের নিকট ছিলেন এবং বলেছিলেন, ‘তোমাদের প্রত্যেকের জান্নাত বা জাহান্নামের ঠিকানা লিখে রাখা হয়েছে...’।[1] কিন্তু সেদিন তিনি খত্বীব হিসাবে দাঁড়ান নি– যেমনটি কিছু কিছু মানুষ করে থাকে। বরং তিনি তাদের সাথে বসে বসে কথা বলছিলেন। আর এমনটি তিনি নিয়মিত করেননি।

অতএব, যদি ক্ববর স্থানে কেউ বসে এবং তার চারপাশে মানুষেরা বসে অপেক্ষা করে আর সে অনুরূপ কথা বলে, তাহলে কোন সমস্যা নেই এবং এটি সুন্নাতের অন্তর্ভুক্ত। তবে যদি দাঁড়িয়ে বক্তব্য দেয়, তাহলে তা সুন্নাতের অন্তর্ভুক্ত হবে না।

ফুটনোট

[1]. বুখারী, ‘জানাযা’ অধ্যায়, হা/১৩৬২; মুসলিম, ‘তাক্বদীর’ অধ্যায়, হা/২৬৪৭।

Source — https://www.hadithbd.com/books/link/?id=1691

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন